65

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 11 APR 1996 ...
পৃষ্ঠা ১২ কলাম ৬

# শিক্ষা-সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের গোলটেবিল বৈঠক অনুষ্ঠানের আহ্বান

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (বুধবার) বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের নেতৃবৃন্দ প্রেসিডেন্ট আবদুর রহমান বিশ্বাসের সহিত সাক্ষাৎ করিয়া রাজনৈতিক অস্থিরতা ও সন্ত্রাসের কারণে শিক্ষা ক্ষেত্রে সৃষ্ট ক্ষতিপূরণ এবং শিক্ষা ও শিক্ষকদের পেশাগত সমস্যা সমাধানের জন্য দলমত নির্বিশেষে শিক্ষাবিদ ও শিক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের এক গোলটেবিল বৈঠক আহ্বানের দাবী জানাইয়াছেন। ফেডারেশনের চেয়ারম্যান শেখ

(২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## শিক্ষা সংশ্লিষ্ট

( শেষ পৃঃ পর )

আমানুল্লাহ ও সেক্রেটারী জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের নেতৃত্বে ৪০ সদস্য বিশিষ্ট এই শিক্ষক প্রতিনিধিদল গতকাল বেলা ১১টায় প্রেসিডেন্টের সহিত সাক্ষাৎকালে সরকারী কর্মচারী ও শিক্ষকগণকে প্রদত্ত শতকরা ১০ ভাগ মহার্ঘভাতা বেসরকারী শিক্ষক-কর্মচারীদেরকেও প্রদান, আসন্ন ঈদুল আজহা উপলক্ষে ফেব্রুয়ারী, মার্চ ও এপ্রিল মাসের সরকারী বেতন অবিলম্বে বিশেষ ব্যবস্থায় শিক্ষকদের হাতে পৌছাইয়া দেওয়াসহ ৪-দফা দাবী জানান। সাক্ষাৎকালে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন অধ্যক্ষ জহিরুল ইসলাম, অধ্যাপক আলী আকবার খান ডলার, মোঃ সেলিম ভূইয়া, অধ্যাপক আসাদুল হক, মোঃ তোহা, অধ্যাপক আবদুর রব মিয়া প্রমুখ।